দৈনিক ইত্তেফাক
তারিখ 19 JUN 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

বৃহস্পতিবার পূর্ণদিবস ক্লাস

# প্রাথমিক স্কুলের মোট বার্ষিক ছুটির ১৫ দিন কর্তন

চাঁদপুর সংবাদদাতা ॥ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ১৫ই এপ্রিল এক চিঠির মাধ্যমে সকল জেলার প্রাথমিক বিদ্যালয়কে সাম্প্রতিককালের ঘটনা প্রবাহের কারণে প্রতি বৃহস্পতিবার পূর্ণ দিবস ক্লাস চালানোর নির্দেশ দিয়াছে। এই আদেশ আগামী ডিসেম্বর পর্যন্ত বলবৎ থাকিবে।

ইহাছাড়া সারা বৎসরের মোট ছুটি হইতে ১৫ দিন কমাইয়া দেওয়া হইয়াছে। ইহার পূর্বে জেলার তথা সমগ্র দেশের প্রাথমিক স্কুলগুলিতে বৃহস্পতিবার অর্ধদিবস ছুটি ভোগ করিয়া আসিতেছিল।